গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
পুরাতন বিমান বন্দর ভবন
তেজগাঁও, ঢাকা-১২১৫।

বিজ্ঞপ্তি

নং- ৮০.১০৫.০১১.২৭.০১.০০৭.২০১০(অংশ-১)/৩১৭

তারিখঃ ১২ জ্যৈষ্ঠ, ১৪২০ বঙ্গাব্দ।
২৬ মে, ২০১৩ খ্রিস্টাব্দ।

বিষয় ঃ সমাজকল্যাণ মন্ত্রণালয়ের অধীন সমাজসেবা অধিদপ্তরের "সমাজসেবা অফিসার ও সমমান", "প্রবেশন অফিসার" এবং বাণিজ্য মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের "সহকারী পরিচালক" পদের বাছাই পরীক্ষার (objective type) সময়সূচী, আসন ব্যবস্থা ও নির্দেশাবলী।

সমাজকল্যাণ মন্ত্রণালয়ের অধীন সমাজসেবা অধিদপ্তরের "সমাজসেবা অফিসার ও সমমান", "প্রবেশন অফিসার" এবং বাণিজ্য মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের "সহকারী পরিচালক" পদে নিয়োগের জন্য যোগ্য প্রার্থীদের বাছাই পরীক্ষা (objective type) আগামী ০৭/০৬/২০১৩ খ্রিঃ তারিখ, শুক্রবার সকাল ১০:০০ টা থেকে বেলা ১১:০০ টা পর্যন্ত ঢাকা শহরের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের নিম্নোক্ত আসন ব্যবস্থা ও সময়সূচী অনুযায়ী অনুষ্ঠিত হবে।

সমাজসেবা অধিদপ্তরের "সমাজসেবা অফিসার ও সমমান" পদের আসন ব্যবস্থা ও রেজিঃ নম্বরসমূহঃ

ক্রমিক নং	শিক্ষা প্রতিষ্ঠানের নাম	প্রার্থী সংখ্যা	আসন ব্যবস্থা
১।	মডেল একাডেমী, মিরপুর, ঢাকা।	১২০০	০২৬৬০০-২১০২৩৪
২।	ঢাকা শিক্ষা বোর্ড ল্যাবরেটরী স্কুল এন্ড কলেজ, মিরপুর, ঢাকা।	১৫০০	২১০২৩৫-২১৩৩৪১
৩।	বিসিআইসি কলেজ, মিরপুর-১, ঢাকা।	২০০০	২১৩৩৪২-২২০৮৯৭
৪।	রূপনগর মডেল স্কুল এন্ড কলেজ, মিরপুর, ঢাকা।	১৫৫০	২২০৮৯৮-২২২৬৫৪
৫।	মিরপুর বাংলা স্কুল এন্ড কলেজ (বালক), মিরপুর, ঢাকা।	১২০০	২২২৬৫৫-২৩১২৮৫
৬।	মিরপুর বাংলা স্কুল এন্ড কলেজ (বালিকা), মিরপুর, ঢাকা।	৮০০	২৩১২৮৬-২৩২১৭৫
৭।	বশির উদ্দিন আদর্শ উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, মিরপুর, ঢাকা।	১০০০	২৩২১৭৭-২৫১২৮০
৮।	শেরে-বাংলানগর সরকারী বালক উচ্চ বিদ্যালয়, আগারগাঁও, ঢাকা।	১২০০	২৫১২৮২-২৫২৬১৮
৯।	শেরে-বাংলানগর সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়, আগারগাঁও, ঢাকা।	১২০০	২৫২৬১৯-২৫৩৯০৯
১০।	ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজ, মোহাম্মদপুর, ঢাকা।	২৫০০	২৫৩৯১০-২৮০৭৪০
১১।	মোহাম্মদপুর কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয় কলেজ, মোহাম্মদপুর, ঢাকা।	১২৩৪	২৮০৭৪১-২৯২১১৫
১২।	মোহাম্মদপুর সরকারী উচ্চ বিদ্যালয়, মোহাম্মদপুর, ঢাকা।	২০০০	২৯২১১৬-৩২৯৪১৪
১৩।	লালমাটিয়া হাউজিং সোসাইটি উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, ঢাকা।	১০০০	৩২৯৪১৫-৩৩০৫৩৮
১৪।	লালমাটিয়া মহিলা মহাবিদ্যালয়, লালমাটিয়া, ঢাকা।	২০০০	৩৩০৫৩৯-৩৬১৯৬৯
১৫।	জরিনা শিকদার বালিকা উচ্চ বিদ্যালয়, পশ্চিম ধানমন্ডি, শংকর, ঢাকা।	১১২০	৩৬১৯৭০-৩৭৯১৩৩
১৬।	টি এন্ড টি আদর্শ উচ্চ বিদ্যালয়, মহাখালী, ঢাকা।	১২০০	৩৭৯১৩৪-৩৯১৪৪৮
১৭।	তেজগাঁও কলেজ, ফার্মগেট, ঢাকা।	৪৪৪৭	৩৯১৪৫০-৫২৪৮৪০
১৮।	আবু জর গিফারী কলেজ, মালিবাগ, ঢাকা।	১০০০	৫২৪৮৪১-৫২৫৯৫৭
১৯।	সিদ্ধেশ্বরী ডিগ্রী কলেজ, মগবাজার, ঢাকা।	১৫০০	৫২৫৯৫৮-৫৯২২০১
২০।	মতিঝিল সরকারী বালক উচ্চ বিদ্যালয়, মতিঝিল, ঢাকা।	১৩০০	৫৯২২০২-৫৯৩৭০০
২১।	শেখ বোরহানুদ্দিন পোষ্ট গ্রাজুয়েট কলেজ, বক্সীবাজার, ঢাকা।	২১০০	৫৯৩৭০১-৬১৮৭১৮
২২।	সিভিল এভিয়েশন উচ্চ বিদ্যালয়, শাহীনবাগ, তেজগাঁও, ঢাকা।	৮০০	৬১৮৭১৯-৬৬০২২৭
২৩।	ডঃ শহীদুল্লাহ কলেজ, বক্সীবাজার, ঢাকা।	১২০০	৬৬০২২৮-৬৬১৬০৭
২৪।	উত্তরা হাই স্কুল, সেক্টর-৭, ঢাকা।	২১১০	৬৬১৬০৮-৬৮৬০৬০

সমাজসেবা অধিদপ্তরের "প্রবেশন অফিসার" পদের আসন ব্যবস্থা ও রেজিঃ নম্বরসমূহঃ

ক্রমিক নং	শিক্ষা প্রতিষ্ঠানের নাম	প্রার্থী সংখ্যা	আসন ব্যবস্থা
১।	ঢাকা কলেজ।	২৫০০	১১২০০১-৫৮৫৬৭৪
২।	ঢাকা পলিটেকনিক ইনষ্টিটিউট, তেজগাঁও, ঢাকা।	২২০৫	৫৮৫৬৮২-৬৮৯৮৭৫

বাণিজ্য মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের "সহকারী পরিচালক" পদের আসন ব্যবস্থা ও রেজিঃ নম্বরসমূহঃ

ক্রমিক নং	শিক্ষা প্রতিষ্ঠানের নাম	প্রার্থী সংখ্যা	আসন ব্যবস্থা
১।	মতিঝিল সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়, মতিঝিল, ঢাকা।	১০০০	০২৬৭৬৬-২১৭১৩৩
২।	সিদ্ধেশ্বরী গার্লস কলেজ, নিউ বেইলী রোড, ঢাকা।	২০০০	২১৭১৩৪-৩৩৩৫৮৭
৩।	আজিমপুর গার্লস স্কুল এন্ড কলেজ, আজিমপুর, ঢাকা।	১১০০	৩৩৩৫৮৮-৩৯০৭৩৮
৪।	ওয়েস্ট এন্ড হাই স্কুল, আজিমপুর, ঢাকা।	১০৯৮	৩৯০৭৩৯-৫১৬৫৮২
৫।	বেগম বদরুন্নেসা সরকারী মহিলা কলেজ, ঢাকা।	২৮০০	৫১৬৫৮৩-৫৬৬৯৪৯
৬।	সরকারী মাদরাসা-ই-আলিয়া, ঢাকা।	১৫০০	৫৬৬৯৫০-৫৭৯২৫৪
৭।	তেজগাঁও সরকারী উচ্চ বিদ্যালয়, ফার্মগেট, ঢাকা।	১১০০	৫৭৯২৫৫-৫৮৪৮২০
৮।	সরকারী তিতুমীর কলেজ, মহখালী, ঢাকা।	৩০০০	৫৮৪৮২১-৬৮৮৭০৬
৯।	গণভবন সরকারী উচ্চ বিদ্যালয়, শেরে বাংলা নগর, ঢাকা।	৭৯২	৬৮৮৭০৮-৬৯০০০০

সময়সূচী ও নির্দেশাবলীঃ

পরীক্ষার তারিখ ও দিন	নির্ধারিত সময়	পরীক্ষার্থীদের করণীয় কাজ
০৭/০৬/১৩ শুক্রবার	সকাল ৯:২০	পরীক্ষার্থীগণ পরীক্ষার হলে নিজ নিজ কক্ষে প্রবেশ করবেন।
	সকাল ৯:৩০ মিঃ	উত্তরপত্র দেয়া হবে। পরীক্ষার্থীদের উত্তরপত্রে নিজ নাম, জেলা এবং রেজিঃ নম্বর কালো কালির বলপয়েন্ট কলম দিয়ে লিখে সংশ্লিষ্ট বৃত্তগুলো ভরাট করতে হবে। পরীক্ষার্থীগণ পরিদর্শকের নির্দেশ মতে হাজিরা তালিকায় স্বাক্ষর করবেন। এ সময় প্রবেশপত্র টেবিলের উপর রাখতে হবে।
	সকাল ১০:০০ টা	প্রশ্নপত্র দেয়া হবে। পরীক্ষার্থীদের উত্তরপত্র কালো কালির বলপয়েন্ট কলম দিয়ে সেট নম্বর লিখে সেট নম্বরের জন্য নির্ধারিত বৃত্তটি ভরাট করতে হবে। অতঃপর উত্তর দান শুরু করবেন। সেট নম্বর না লিখলে উত্তরপত্র বাতিল হবে।
	বেলা ১১:০০ টা	পরীক্ষা শেষ হবে। পরীক্ষার্থীগণ নিজ নিজ আসনে অবস্থান করবেন। পরিদর্শকগণ উত্তরপত্র সংগ্রহ করবেন। পরিদর্শকগণ উত্তরপত্র গণনা করে বুঝে নেয়ার পর পরীক্ষার্থীগণ পরীক্ষা কক্ষ ত্যাগ করবেন। প্রশ্নপত্র পরীক্ষার্থীগণ নিয়ে যাবেন।

পরীক্ষা সংক্রান্ত নির্দেশাবলী

১) আবেদনপত্র জমাদানের সময় প্রাথমিকভাবে যোগ্য প্রার্থীদের হাতে হাতে প্রবেশপত্র দেয়া হয়েছে। কোন প্রার্থীর প্রবেশপত্র হারিয়ে গেলে অথবা যুক্তি সঙ্গত কারণে বিনষ্ট হলে বিশেষ বিবেচনায় আগামী ৪ ও ৫ জুন ২০১৩ খ্রিঃ তারিখে "সমাজসেবা অফিসার ও সমমান", "প্রবেশন অফিসার" পদের জন্য ইউনিট-৫ হতে এবং জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের "সহকারী পরিচালক" পদের জন্য ইউনিট-৩ হতে প্রতিদিন সকাল ১০:০০ টা থেকে বিকাল ৪:০০ টা পর্যন্ত কর্ম কমিশন সচিবালয়ের প্রধান কার্যালয় তেজগাঁও, ঢাকা হতে ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবিসহ আবেদনপূর্বক ডুপ্লিকেট প্রবেশপত্র সংগ্রহ করা যাবে। উল্লেখ্য প্রবেশপত্র হারানোর বিষয়ে সংশ্লিষ্ট থানায় জি,ডি করে জি, ডি'র কপি আবেদনের সাথে দাখিল করতে হবে। অন্যথায় ডুপ্লিকেট প্রবেশপত্র দেয়া হবে না। প্রবেশপত্র ব্যতীত কোন পরীক্ষার্থীকে পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না। কোন প্রার্থীর আবেদনপত্রে Substantive ত্রুটি ধরা পড়লে পরীক্ষার আগে বা পরে যে কোন পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থিতা বাতিল হতে পারে।

২) অযোগ্য প্রার্থীদের রেজিঃ নম্বরের তালিকা কমিশনের ওয়েব সাইটে (www.bpsc.gov.bd) পাওয়া যাবে। কেবলমাত্র যোগ্য প্রার্থীরাই প্রবেশপত্রসহ বাছাই পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন।

৩) আবেদনপত্রের সেটের সাথে প্রার্থীদেরকে প্রদত্ত নির্দেশাবলী এবং প্রবেশপত্রের ২য় পৃষ্ঠায় প্রদত্ত নির্দেশাবলী অতি মনোযোগের সাথে পড়ে তা যথাযথভাবে পালন করতে হবে।

৪) সকাল ১০:০০ টার পর কোন প্রার্থীকে পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেয়া হবে না।

৫) পরীক্ষায় সাধারণ ক্যালকুলেটর (সাইন্টিফিক ক্যালকুলেটর নয়) ব্যবহার করা যাবে। বইপুস্তক, ব্যাগ, মোবাইল ফোন বা কোন ইলেক্ট্রনিক যন্ত্রপাতি সাথে আনা যাবে না।

D:\Letter\Social Welfare Officer (78).doc

৬) প্রশ্নপত্র দেয়ার পর কোন পরীক্ষার্থী পুনরায় প্রবেশের অভিপ্রায়ে পরীক্ষা কক্ষ ত্যাগ করতে পারবেন না। অথবা প্রশ্নপত্র পাওয়ার পর পরীক্ষা শেষ না হওয়া পর্যন্ত পরীক্ষা কক্ষ ত্যাগ করতে পারবেন না।

৭) পরীক্ষার্থীদের রেজিঃ নম্বর ৬ (ছয়) ডিজিট সম্বলিত। কোন প্রার্থীর রেজিঃ নম্বর ৬ (ছয়) ডিজিটের কম হলে উত্তরপত্রের (OMR) বাম দিকের ঘর/ঘরগুলো শূন্য দিয়ে পূরণ করে রেজিঃ নম্বরের ডিজিটসমূহ বল পয়েন্ট কলম দিয়ে লিখে নিচের প্রযোজ্য বৃত্তগুলো কালো কালির বল পয়েন্ট কলম দিয়ে ভরাট করতে হবে।

৮) উত্তরপত্রে রেজিঃ নম্বর এবং প্রশ্নপত্রের সেট নম্বর যথাযথভাবে না লিখলে এবং সংশ্লিষ্ট বৃত্ত ভরাট না করলে উত্তরপত্র বাতিল হবে।

৯) পরীক্ষার্থীদের ১০০ নম্বরের অবজেকটিভ ধরণের প্রশ্নের উত্তর দিতে হবে। প্রতিটি শুদ্ধ উত্তরের জন্য পরীক্ষার্থী ১ (এক) নম্বর পাবেন; ভুল উত্তর দিলে প্রতিটি ভুল উত্তরের জন্য ০.৫ (শূন্য দশমিক পাঁচ) নম্বর কাটা যাবে।

১০) ভূয়া পরীক্ষার্থীদের বিরুদ্ধে বিশেষ অভিযান চালানোর ব্যবস্থা করা হয়েছে। প্রবেশপত্রের ছবির সঙ্গে কর্তৃপক্ষের কাছে সংরক্ষিত পরিচিতি প্রতিপাদনের ছবি এবং স্বাক্ষরের মিল না থাকলে পরীক্ষার্থীকে বহিষ্কার করা হতে পারে।

১১) পরীক্ষায় নকল বা কোন ধরণের অসদুপায় অবলম্বন বা অসদাচরণের জন্য পরীক্ষার্থীকে হল থেকে বহিষ্কার করা হতে পারে। নকল বা অন্য কোন অসদুপায় অবলম্বন বা কোন অসদাচরণের জন্য দোষী সাব্যস্ত হলে তাকে ভবিষ্যতে কমিশন কর্তৃক বিজ্ঞাপিত অন্য কোন পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না এবং কমিশন কর্তৃক বিজ্ঞাপিত অন্য কোন পদের জন্য তিনি আবেদন করতে পারবেন না। তাছাড়া ক্ষেত্র বিশেষে মামলা দায়ের পূর্বক আইন প্রয়োগকারী সংস্থার হাতেও উক্ত প্রার্থীকে সোপর্দ করা হতে পারে।

১২) বিশেষভাবে উল্লেখ্য যে, সমাজকল্যাণ মন্ত্রণালয়ের অধীন সমাজসেবা অধিদপ্তরের "সমাজসেবা অফিসার ও সমমান", "প্রবেশন অফিসার" এবং বাণিজ্য মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের "সহকারী পরিচালক"-এ ০৩ (তিন) টি পদে আবেদন করে প্রাথমিকভাবে যোগ্য প্রার্থী হিসেবে এর যে কোন একটি পদে বাছাই পরীক্ষায় অংশগ্রহণ করে উত্তীর্ণ হলে তিনি উক্ত ০৩ (তিন) টি পদে উত্তীর্ণ হয়েছেন মর্মে গণ্য হবেন। এক্ষেত্রে প্রার্থী যে পদের পরীক্ষায় অংশ গ্রহণ করবেন উত্তরপত্রে সেই পদের নাম ও প্রার্থীর রেজি: নম্বর লিখতে হবে।

পড়াশুনা এবং জ্ঞানার্জনের মাধ্যমে ভালভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করুন

২৮/৫/১৩

(মোঃ আলী নূর)

পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার)।